

// এইচএসসি // পরীক্ষার ফল প্রকাশ আজ

নিজস্ব বার্তা পরিবেশক

এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ হচ্ছে আজ। শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে সকালে গণভবনে প্রধানমন্ত্রীর হাতে ফলের অনুলিপি তুলে দেবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এর পর তিনি দুপুর ১টায় সচিবালয়ে সংবাদ সম্মেলন করে ফলাফলের বিভিন্ন দিক তুলে ধরবেন। মন্ত্রীর ঘোষণার পরপরই সারাদেশের পরীক্ষার্থীরা ফল জানতে পারবেন।

অন্যান্য বছরের মতো এবারও মোবাইল ফোনে এসএসএম করে এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল জানতে পারবে শিক্ষার্থী ও অভিভাবকরা। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে ই-মেইলে ফল জানিয়ে দেয়া হবে। পরীক্ষার্থীরা নিজেদের শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট (www.educationboard.gov.bd) থেকে ফল জানতে পারবে।

যে কোন মোবাইল থেকে এসএমএস করে এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল জানতে HSC লিখে স্পেস দিয়ে বোর্ডের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৬ লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফল জানিয়ে দেয়া হবে। আলিমের ফল জানতে Alim লিখে স্পেস দিয়ে Mad লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৬ লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফল পাওয়া যাবে। এছাড়া এইচএসসি ভোকেশনালের ফল জানতে HSC লিখে স্পেস দিয়ে Tec লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৬ লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফল জানিয়ে দেয়া হবে।

গত ৩ এপ্রিল শুরু হয়ে ৯ জুন পর্যন্ত এইসএসসির লিখিত পরীক্ষা চলে। ১১ থেকে ২০ জুন পর্যন্ত হয় ব্যবহারিক পরীক্ষা। দেশে ৮টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড এবং ডিআইবিএস এর আওতায় এ বছর দুই হাজার ৪৫২টি পরীক্ষা কেন্দ্রে মোট ১২ লাখ ১৮ হাজার ৬২৮ জন পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ছয় লাখ ৫৪ হাজার ১১৪ জন ছাত্র এবং পাঁচ লাখ ৬৪ হাজার ৫১৪ জন ছাত্রী।